

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

প্রশাসন-১

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

www.caab.gov.bd



নথি নং-৩০.৩১.০০০০.২০১.১৫.০০৬.২০-

৮৩০৬

তারিখ-৬২-০৩-২০২১

বিষয়ঃ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে সরকার কর্তৃক গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন।


সূত্র নং- ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৫.২০২১-১২৪, তারিখ-২৯ মার্চ, ২০২১

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে সরকার কর্তৃক গৃহিত সিদ্ধান্তসমূহ পর্যালোচনা করে নিম্নোক্ত বিষয়াদি অনুসরণ করার জন্য সকলকে অনুরোধ করা হলো:

- ক) সকল ধরনের জনসমাগম (সামাজিক/ধর্মীয়/অন্যান্য) সীমিত করতে হবে। বিয়ে/জন্মদিনসহ যে কোন সামাজিক অনুষ্ঠান উপলক্ষ্যে জনসমাগম নিরুৎসাহিত করতে হবে;
- খ) কর্মক্ষেত্রে প্রবেশ এবং অবস্থানকালীন সর্বদা বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধানসহ অন্যান্য স্বাস্থ্যবিধি প্রতিপালন নিশ্চিত করতে হবে;
- গ) মসজিদসহ সকল ধর্মীয় উপাসনালয়ে যথাযথ স্বাস্থ্যবিধি প্রতিপালন নিশ্চিত করতে হবে;
- ঘ) বিদেশ হতে আগত যাত্রীদের কোয়ারেন্টিন নিশ্চিত করার ক্ষেত্রে অত্র কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত পত্র অনুসরণ করতে হবে;
- ঙ) কর্মক্ষেত্রে অপ্রয়োজনীয় ঘোরাফেরা/আড্ডা বন্ধ করতে হবে। তাছাড়া বিমানবন্দরের জরুরি কর্মসম্পাদনের জন্য নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদেরকে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে;
- চ) করোনায় আক্রান্ত/করোনার লক্ষণযুক্ত ব্যক্তির আইসোলেশন নিশ্চিত করতে হবে। করোনায় আক্রান্ত ব্যক্তির ঘনিষ্ঠ সংস্পর্শে আসা অন্যান্যদেরও কোয়ারেন্টিন নিশ্চিত করতে হবে;
- ছ) জরুরি সেবায় নিয়োজিত অফিস/ দপ্তর ছাড়া অন্যান্য অফিস/দপ্তর ৫০ ভাগ জনবল দ্বারা পরিচালনা করতে হবে। সংশ্লিষ্ট দপ্তর/শাখা প্রধানগণ কর্মস্থলে উপস্থিতির সংখ্যা নির্ধারণ করবেন। সম্ভব হলে গর্ভবতী/অসুস্থ/বয়স ৫৫-উর্ধ্ব কর্মকর্তা/কর্মচারীর বাড়িতে অবস্থান করে কর্মসম্পাদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- জ) সভা, সেমিনার, প্রশিক্ষণ, কর্মশালা যথাসম্ভব অনলাইনে আয়োজনের ব্যবস্থা করতে হবে;
- ঝ) সশরীরে উপস্থিত হতে হয় এমন যে কোন ধরনের পরীক্ষার ক্ষেত্রে যথাযথ স্বাস্থ্যবিধি প্রতিপালন নিশ্চিত করতে হবে; এবং
- ঞ) বেবিচ কর্তৃপক্ষ কর্তৃক ইতোপূর্বে জারীকৃত নির্দেশনা প্রতিপালন করতে হবে।

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

২.০ পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উক্ত সিদ্ধান্তসমূহ আপাতত: ০২ (দুই) সপ্তাহ পর্যন্ত বলবৎ থাকবে।


(মোঃ জাহিরুল ইসলাম)
উপ-সচিব

পরিচালক (প্রশাসন)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. নির্বাহী পরিচালক, সেমসু, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
২. পরিচালক (.....) (সকল), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (.....) (সকল), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
৪. পরিচালক, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম।
৫. পরিচালক, ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট।
৬. পরিচালক, কক্সবাজার বিমানবন্দর, কক্সবাজার।
৭. উপ-পরিচালক (অডিট), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
৮. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
৯. বিমানবন্দর ব্যবস্থাপক (সকল), রাজশাহী/যশোর/বরিশাল/কুমিল্লা/সৈয়দপুর/ঈশ্বরদী।

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

০১. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সদস্য (সকল), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
০৩. প্রধান প্রকৌশলী, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।